

## ৫টি বোয়িং-৭৭৭ অর্ডার করেছে এমিরেটস

- A Monitor Desk Report

Date: 29 July, 2024



ঢাকাঃ স্বল্পতম সময়ে মালামাল পরিবহনের জন্য অতিরিক্ত ৫টি বোয়িং-৭৭৭ কার্গো উড়োজাহাজ অর্ডার করেছে এমিরেটস এয়ারলাইন্স।

উড়োজাহাজগুলোর মোট ক্রয়মূল্য এক বিলিয়ন মার্কিন ডলার এবং ২০২৫/২৬ সালের মধ্যে এগুলো এমিরেটসের হাতে আসবে।

এক বিজ্ঞপ্তিতে এমিরেটস বাংলাদেশ জানায়, এ অর্ডারের মধ্য দিয়ে এমিরেটস অর্ডার বুক সুপারিসর উড়োজাহাজের সংখ্যা ৩১৫টিতে উন্নীত হলো।

এমিরেটস জানায়, ২০২৪-২৫ অর্থবছরের প্রথম প্রান্তিকে এমিরেটস স্কাইকার্গোর সাফল্য অভাবনীয়। এসময় এয়ারলাইন্সটির লোড ফ্যাক্টর এবং টনেজ ২০১৯ এর সংখ্যাকেও ছাড়িয়ে গেছে। নতুন ৫টি কার্গোবাহী উড়োজাহাজ যুক্ত হলে এমিরেটসের ডেক কার্গো ক্যাপাসিটি ৩০ শতাংশ বাড়বে। অতিরিক্ত কার্গো স্পেসের সাহায্যে মূল মার্কেটগুলোতে পরিষেবা বৃদ্ধি করা সম্ভব হবে।

নতুন উড়োজাহাজগুলোর ডেলিভারির পর পুরোনো কয়েকটি কার্গো উড়োজাহাজ এয়ারলাইন্সটির বহর থেকে সরিয়ে নেওয়া হবে।

২০২৫ সাল নাগাদ এমিরেটসের কার্গোবাহী উড়োজাহাজের সংখ্যা দাঁড়াবে ১৭টি।

এমিরেটসের বর্তমানে বোয়িং ৭৭৭, ৭৭৭এফ, ৭৪৭এফ, এয়ারবাস এ৩৫০ এবং এ৩৮০-এর উড়োজাহাজের একটি মিশ্র বহর রয়েছে।

-B